প্রথম আলো

তারিখ ... 27 JUL 2015 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

বেসরকারি বিশ্ববিদ্যালয়

# সমস্যা নিয়ে আজ বৈঠকে বসছেন শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ●

বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর অনিয়মসহ উচ্চশিক্ষার বিভিন্ন সমস্যা সমাধানে করণীয় ঠিক করতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান ও সদস্যদের সঙ্গে আজ সোমবার বৈঠকে বসছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

শিক্ষামন্ত্রী গতকাল *প্রথম আলোকে* বলেন, আইনের আওতায় এনে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে আরও কীভাবে ভালো করা যায় এবং উচ্চশিক্ষার গুণগত মান কীভাবে উন্নত করা যায়, তা নিয়েই এ বৈঠক হবে।

দেশের ৮৩টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে অধিকাংশের বিরুদ্ধে নানা অনিয়মের অভিযোগ আছে। এ নিয়ে গতকাল রোববার *প্রথম আলোয়* '৪১ বিশ্ববিদ্যালয় নিজস্ব ক্যাম্পাসে যাচ্ছে না' শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশিত হয়।

নর্দানের ব্যাখ্যা: গতকাল *প্রথম আলোয়* প্রকাশিত সংবাদের একটি অংশে নর্দান ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাসের কাজ গাজীপুরের কাশিমপুরে হচ্ছে বলা হয়। কিন্তু কর্তৃপক্ষ গতকাল *প্রথম আলোকে* জানায়, কাশিমপুরে জমি কিনলেও ঢাকার আশকোনায় পাঁচ বিঘা জমি কিনে নির্মাণকাজ শুরু হয়েছে। আর ইউজিসি কারওয়ান বাজার ও মিরপুর রোডের ক্যাম্পাস সেপ্টেম্বর পর্যন্ত অস্থায়ীভাবে পরিচালনার অনুমোদন দিয়েছে। খুলনা ও রাজশাহী ক্যাম্পাসের শিক্ষার্থীদের কোর্স শেষ না হওয়া পর্যন্ত কার্যক্রম পরিচালনার অনুমোদন আছে।